ঘোষণা

আমি সহদেব রায় (Registration No: Ph.D/Beng.(331)/592/R-2018, Date of Registration: 29-05-2018) **'আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)'** শিরোনামে একটি গবেষণা অভিসন্দর্ভ রচনা করেছি। অভিসন্দর্ভটি অধ্যাপক ড. নিখিল চন্দ্র রায় মহাশয়ের তত্ত্বাবধানে রচিত হয়েছে। এই গবেষণাপত্রের কোনো অংশই অন্য কোনো উপাধির জন্য দাখিল করা হয়নি। এটি আমার স্বরচিত এবং মৌলিক রচনা।

সহদেব রায় 28/08/2023

(সহদেব রায়)
গবেষক
বাংলা বিভাগ
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

দার্জিলিং ৭৩৪০১৩। পশ্চিমবঙ্গ। ফোন ০৩৫৩-২৫৮০১৮৯

dept.bengalinbu@gmail.com

"समानो मन्त्र समिति समानी"

Accredited by NAAC With grade B++

রেফারেন্স নম্বর ....

তারিখ ....

Certificate

This is to certify that Sahadev Roy has been working for his Ph.D. thesis entitled 'আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)' under my guidance in the Department of Bengali, University of North Bengal. He has completed his research work and it is ready for submission. I am very sure that this thesis has not been submitted in any University or any Educational Institute.

In this respect I as a supervisor recommend his thesis to be submitted in the University of North Bengal for Ph.D. Degree.

(Prof. Nikhil Chandra Ray)
Supervisor
Department of Bengali
University of North Bengal

Professor
Department of Bengali
University of North Bengal

Ouriginal

Document Information

Analyzed document	Sahadev Roy_Bengali.pdf (D165092620)
Submitted	4/26/2023 12:31:00 PM
Submitted by	University of North Bengal
Submitter email	nbuplg@nbu.ac.in
Similarity	1%
Analysis address	nbuplg.nbu@analysis.urkund.com

Sources included in the report

W	URL: http://118.185.209.246/bitstream/123456789/4027/11/11_chapter%204.pdf Fetched: 2/17/2023 8:14:57 AM	32
W	URL: http://www.vivekanandacollegealipurduar.in/UploadedFiles/663084ASodaPDF-merged-Merging%20Resul... Fetched: 2/6/2023 1:11:33 AM	1
W	URL: https://fliphtml5.com/ozueg/nlvl/basic Fetched: 2/17/2023 2:24:10 PM	3
W	URL: https://www.ijims.com/process/downloadPDF.php?id=925 Fetched: 2/17/2023 8:14:56 AM	1

Entire Document

উ০রব, তিব sবিদ–লেয়র বাংলা বিভােগর অধীন িপএইচ .িড. িডি ²র জন– উপ িাপত গেবষণা অিভস ন্দ ³ আথ ³ - সামািজক ও রাজৈনিতক ± অ িনে০ত বাংলা ±ছাটগ g (১৯৬০ - ১৯৮০) গেবষক সহেদব রায় Registration No: Ph.D/Beng.(331)/592/R-2018 Date of Registration: 29-05-2018 ত০০বধায়ক অধ–াপক ড. িনিখল চ # রায় বাংলা িবভাগ উ০রব, তিব sবিদ–লয় রাজা রামেমাহনপ ূর, দািজ ³ িলং -৭৩৪০১৩ এি প্রল ২০২৩
প্রথম অধ–ায় অ০া ¹ ভাষ সািহেত –র সকল শাখাই ±য যুেগর ফসল একথা আজ সকেলরই Nাত সত–। িক : সময় বলেত ±কান সময়? এর ±তা নানা মা০০া। একিট েকাল , অারকিট শা sত সময়। সংেবদনশীল পাঠক মা েরই জানা ±য েকােলর মেধ– দাঁিড়েয় ±লখেকর জীবেনা পলি প ঘেট, ±সই উপলি পই সািহত – উৎকীণ ³ হয়। আবার িন িদ ³ ৫ ±দশকাল লং না ±থেকও একিট রচনায় িচরকােলর কথা ±কােনা এক অা রৗয ³ ±কৗশেল গাঁথা হেয় যায়। এই জন–ই ০ ²ীক প ু রােণর িশখর মেতাই সািহেত –র দুিট ম ু খ। একিট সমকােল িনিব ৫। অন–িটর অিভম ু খ সুনীল আকােশর অপার অপিরেময়তায় অসীর ত। তাই ±কােনা ±লখেকর পাঠকৃিতর আেলাচনায় এই দুিট িদেকরই আেলাচনাই আবিশ –ক হেয় পেড়। তেব সময় ±যেহত ু িবমূত ³ ও জিটল, ±সজন– এই একই সমেয়র মেধ– নানারকম িবভঙ্গ ও ঘূণ ³ াবত ³ থাকাটাই থাভািবক । একজন ±লখেকর চরম িসি হয়েতা তখনই ঘেট, যখন িতিন ব মা ০ক সমেয়র এই ,িা ঠকতােক খ ু ব সূ ভােব তাঁর সািহত –কেম ³ র ±ভতর প্রেয়াগ করেত পােরন। লc কের ±দখা যােব এই সময়েবােধর পাথ ³ ক–ই ±লখকেদর এেক অপেরর ±থেক পৃথক কের ±তােল । সাথ ³ ক বাংলা ±ছাটেগ ূর জ) হেয়েছ রবী # নােথর হােতই, এর ±কােনা সে েহ ±নই। ' সািহত –' পি০কােক ±ক # কের ±ছাটেগ ূর আেলাচনা তখন য শ ান থাকেতা। ±চকভ, ±মাপাসাঁ অভ ু িত ±ছাটগ ূকারেদর গ ু তখন বাংলা প০-পি০কায় অনুবােদর মাধ–েম ±প ৗেছ ±দওয়া হেA পাঠেকর কােছ। পাঠেকর কােছ িন ত– ±বেড় চলল ±ছাটেগ ূর আকষ ³ ণ। সামিয়ক পি০কায় ±ছাটেগ ূর চািহদা ও যশই ±বেড় চলল। এমনই অব াার মেধ– রবী # নাথ ±ছাটেগ ূর জন– ±লখনী ধারণ করেলন। 'িহতবাদী', 'সাধনা', ও 'সবুজপ০' পি০কােক ±ক # কের গ ূকার রবী # নােথর সািহত – স০ার িবকাশ।

গবেষকের স্বাক্ষর

তত্ত্বাবধায়কের স্বাক্ষর

Professor
Department of Bengali
University of North Bengal

নিবেদন

আমাদের গবেষণা অভিসন্দর্ভের নাম ‘আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)’। এই সময়কে বেছে নেওয়ার কারণ— এই সময়ে আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে জাতীয় ও আন্তর্জাতিক স্তরের যে টানাপোড়ন, তার প্রতিক্রিয়ায় বাংলা ছোটগল্প কতোটা প্রভাবিত, এককথায় এই সময় পর্বগুলোর যথার্থ রূপটিকে তুলে ধরাই এই গবেষণার বিষয়। আমরা যে দেশে বসবাস করি সেখানে উদ্ভূত বিশেষ বিশেষ পরিস্থিতি কিংবা সমকালীন অর্থনৈতিক-সামাজিক ও রাজনৈতিক কাঠামোর পরিবর্তন আর সেই পরিবর্তনের ফলে মানুষের প্রচলিত মূল্যবোধের ভাঙন বরাবরই লেখকদের গল্প রচনার প্রেরণা হিসেবে কাজ করে। ১৯৬০-১৯৮০-র সময় ব্যতিক্রম নয়। লক্ষ করলে দেখা যাবে সময় ও সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে পঞ্চাশের দশকের শেষ এবং ষাটের দশকের শুরু থেকে বাংলা ছোটগল্প নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে এগিয়ে গেছে। একদিকে যেমন বিশেষ আর্থ-সামাজিক ও রাজনৈতিক পটপরিবর্তন ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত হয়, তেমনি সাহিত্যের ক্ষেত্রে বিমল করের নেতৃত্বে ‘ছোটগল্প : নতুন রীতির আন্দোলন’ শুরু হয় পঞ্চাশের দশকের শেষ দিকে— যার মুখপত্র রূপে প্রকাশিত হল ছোটগল্পের নতুন রীতি। ১৯৬০-এ প্রকাশিত হয় ‘এ দশকের গল্প’। যেহেতু এই সময়টা বাংলা ছোটগল্পের জগতে উল্লেখযোগ্য দিক তথা বাংলা ভাষা-সাহিত্য-সংস্কৃতির দিক থেকে বিশেষভাবে স্মরণীয়, তাই এই সময়কে সামনে রেখে আমাদের গবেষণার বিষয়কে নির্বাচন করেছি। এই সময় পর্বে গল্পকার দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে দিব্যেন্দু পালিত, বরেন গঙ্গোপাধ্যায়, অমলেন্দু চক্রবর্তী, অসীম রায়, দেবেশ রায়, মহাশ্বেতা দেবী, সুনীল গঙ্গোপাধ্যায়, তপোবিজয় ঘোষ, সন্দীপন চট্টোপাধ্যায় সহ আরো গল্পকারের লেখা এই গবেষণায় আলোচিত হয়েছে।

জানিয়ে রাখি যে, 'এ দশকের গল্প'-এর প্রকাশকাল থেকে ১৯৮০ সালে জানুয়ারি নির্বাচনে ইন্দিরা গান্ধীর ভারতের রাজনৈতিক ক্ষমতা দখল— এই কালপর্বে আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাংলা ছোটগল্পের অন্তর্জগতে যে ভাঙাগড়ার তাৎপর্য যুক্ত হয়েছে তাই-ই গবেষণার মাধ্যমে বিশেষভাবে তুলে ধরাই আমাদের লক্ষ।

পশ্চিমবঙ্গে পুরো ষাট ও সত্তরের দশক ধরে এক অস্থির সংকটময় অবস্থা আমরা লক্ষ করেছি। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে ১৯৬২ সালে ঘটে যাওয়া ভারত-চীন সীমান্ত সংঘর্ষ, ১৯৬৫ সালের ভারতের সঙ্গে পাকিস্তানের যুদ্ধ এবং ১৯৬৬ সালের ভয়ংকর খাদ্য আন্দোলনের কথা। এছাড়াও আমরা জানি ১৯৬৭ সালে অভ্যুদয় ঘটে যুক্তফ্রন্ট সরকারের। তবে এই যুক্তফ্রন্ট ১৯৬৮ সালে ভেঙে যায় এবং শুরু হয় রাষ্ট্রপতি শাসন। ১৯৬৯ সালের নির্বাচনে এই যুক্তফ্রন্ট পুনরায় ক্ষমতায় ফিরে আসে। ১৯৬৪ সালে CPI(M) দলটি প্রতিষ্ঠিত হয় এবং সেই দলের চরমপন্থী ও নরমপন্থীদের মধ্যে দেখা দেয় দ্বন্দ্ব। চারু মজুমদারের নেতৃত্বে চরমপন্থী সদস্যরা দল ভেঙে তৈরি করেন C.P.I(M.L)। এই চারু মজুমদারের নেতৃত্বেই সমগ্র দেশজুড়ে কৃষক ও শ্রমজীবী মানুষদের শোষণের শিকল ছেঁড়ার এক অভাবিত মুক্তি সংগ্রাম শুরু হয়। শিলিগুড়ি মহকুমার এক অখ্যাত গ্রাম নকশালবাড়ির বিপ্লব স্পন্দিত রণভূমিতে মাথা তুলেছিলেন প্রায় ৬০ হাজার কৃষক। শোষণ, শাসন, অনাহার, অত্যাচার, অমর্যাদার স্থবিরতাকে চূর্ণ করে শ্রমিক-কৃষকের রাজ প্রতিষ্ঠা করতে শ্রেণি সংগ্রামের জন্ম দেন তাঁরা। এই নকশালবাড়ির পাশেই খড়িবাড়ি ব্লকে আমার জন্ম এবং বেড়ে ওঠা। ছোটবেলা থেকেই বাড়ির বড়দের মুখে নকশাল আন্দোলনের সূচনা, তার প্রসার, ব্যর্থতা প্রভৃতি বিষয়ে নানারকম গল্প শুনেছি। এমনকি আমার বাবা খোকন রায় নিজেও সর্বদা কৃষক আন্দোলনের সাথে যুক্ত ছিলেন। আমি যখন নকশালবাড়ির চারু মজুমদার সরণি দিয়ে হেঁটে যাই তখন চোখে পড়ে শহীদবেদী এবং মার্কস, এঙ্গেলস, লেলিন ও চারু মজুমদারের স্থাপিত মূর্তি। এই শহীদবেদী এবং কমরেডদের মূর্তি আমাদের মনের ভেতর শিহরণ জাগায়, কৌতূহল সৃষ্টি করে, উদ্দীপনা সঞ্চার করে এবং অনেক

জিজ্ঞাসার জন্ম দেয়। সেই সঙ্গে অজানাকে জানার কৌতূহল থেকেই রাজনীতির প্রতি একটা টান অনুভব করতে থাকি। যখন আমি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে গবেষণার সুযোগ পাই তখন বিষয় হিসেবে বেছে নেই 'আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)'। অর্থাৎ ১৯৬০-১৯৮০-এর আর্থ-সামাজিক অবস্থান ও রাজনৈতিক বাতাবরণ সম্পূর্ণরূপে জানা এবং সেই প্রেক্ষাপট নিয়ে রচিত বাংলা ছোটগল্পগুলো বিশ্লেষণাত্মক আলোচনা করার চেষ্টা করা আমার গবেষণা অভিসন্দর্ভের বিষয়। সমগ্র গবেষণা প্রকল্পটিকে নিম্নোক্ত অধ্যায় বিন্যাসের মধ্য দিয়ে তুলে ধরতে চাওয়া হয়েছে—

প্রথম অধ্যায় : **প্রাগ্‌ভাষ**

দ্বিতীয় অধ্যায় : **সমকালীন জাতীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি**

তৃতীয় অধ্যায় : **আর্থ-সামাজিক প্রেক্ষিত ও বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)**

চতুর্থ অধ্যায় : **রাজনৈতিক প্রেক্ষিত ও বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)**

পঞ্চম অধ্যায় : **মূল্যবোধের বিপর্যয় ও বাংলা ছোটগল্প (১৯৬০-১৯৮০)**

ষষ্ঠ অধ্যায় : **শেষ কথা**

আমি ২০১১ সালে সেপ্টেম্বর মাসে NET পরীক্ষায় উত্তীর্ণ হই এবং JRF পাই [Ref No: 1693/(NET-JUNE 2010)]। এরপরে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের স্বর্গীয় অধ্যাপক ড. সুবোধকুমার যশ স্যারের তত্ত্বাবধানে গবেষণার কাজ শুরু করি। কিন্তু হঠাৎ করে অধ্যাপক সুবোধকুমার যশ স্যারের অকাল প্রয়াণে আমি দিশেহারা হই। এমতাবস্থায় আমার অসমাপ্ত গবেষণার কাজ সম্পন্ন করার বিষয়ে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সম্মানীয় অধ্যাপক ড. নিখিল চন্দ্র রায় হাত বাড়িয়ে দেন এবং তাঁরই তত্ত্বাবধানে পরবর্তীতে আমি গবেষণার কাজ শুরু করি। গবেষণার কাজে ড. নিখিল চন্দ্র স্যারের নির্দেশ, সহযোগিতা ও ভালোবাসার জন্য আমি গবেষণা কাজটি সম্পন্ন করতে পেরেছি। তাই স্যারকে জানাই আমার প্রণাম ও ভালোবাসা। স্যারের ভালোবাসা সারাজীবন আমার

হৃদয়ে অম্লান হয়ে থাকবে। তাছাড়া স্বর্গীয় ড. সুবোধকুমার যশ স্যারকে জানাই আমার গভীর শ্রদ্ধা ও প্রণাম। পাশাপাশি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় অধ্যাপক-অধ্যাপিকারা নানা ভাবে আমায় সহযোগিতা করেছেন ও উৎসাহ যুগিয়েছেন। এঁদের প্রত্যেকের কাছে আমি চিরকৃতজ্ঞ। আর যে দুজন মানুষের কাছে সারাজীবন কৃতজ্ঞ থাকবো তাঁরা হলেন আমার বাবা খোকন চন্দ্র রায় ও মা চারুবালা রায়।

গবেষণার কাজটি সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যেতে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দাদা ড. সাবলু বর্মণ ও দ্বিতীয় ক্যাম্পাসের অতিথি অধ্যাপক ভাই ড. কালিপদ বর্মণ সহযোগিতা করেছে। এছাড়াও উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের গবেষক আমার ভাইপো বিবেকানন্দ রায় বিভিন্ন ভাবে সহযোগিতা করেছে। তাই দাদা-ভাই-ভাইপোকে জানাই আমার ভালোবাসা।

স্মরণ করি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার, কোচবিহার রাষ্ট্রীয় গ্রন্থাগার, আলিপুরদুয়ার জেলা গ্রন্থাগার, শিলিগুড়ি বঙ্গীয় সাহিত্য পরিষদ গ্রন্থাগারের কথা। বই সংগ্রহে সহায়তা করে আমায় উপকৃত করেছে আলিপুরদুয়ার বইমহলের কর্ণধার ড. পার্থ সাহা এবং বেশ কিছু দুষ্প্রাপ্য বইয়ের সন্ধান দিয়েছেন কলকাতা বঙ্গীয় সাহিত্য সংসদের কর্ণধার দেবাশীষ ভট্টাচার্য। দেবাশীষদাকে আমার কৃতজ্ঞতা। আমার গবেষণা অভিসন্দর্ভটির মুদ্রণ কার্যে সাহায্য করেছে ভাই বিশ্বজিৎ মজুমদার এবং প্রুফ সংশোধনে সাহায্য করেছে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের গবেষক বোন সাথী নন্দী ও আমার স্ত্রী বনি সাহা রায়। এদের সকলের ঐকান্তিক সহযোগিতার ফসল এই গবেষণা অভিসন্দর্ভ। প্রত্যেকের প্রতি আমার ভালোবাসা থাকল।

সহদেব রায় 28/08/2023

(সহদেব রায়)

গবেষক

বাংলা বিভাগ

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়